# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৯

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

---

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى (1) قَالَ: حَدَّثَنَا مَسْرُوقُ بْنُ الْمَرْزُبَانِ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي زَائِدَةَ قَالَ: حَدَّثَنِي دَاوُدُ بْنُ أَبِي هِنْدٍ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ:
قَالَتْ قُرَيْشٌ لِلْيَهُودِ: أَعْطُونَا شَيْئًا نَسْأَلُ عَنْهُ هَذَا الرَّجُلَ فَقَالُوا: سَلُوهُ عَنِ الرُّوحِ فَسَأَلُوهُ فَنَزَلَتْ: {وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أُوتِيتُمْ مِنَ الْعِلْمِ إِلَّا قَلِيلًا} [الإسراء: 85] فَقَالُوا لَمْ نُؤْتَ مِنَ الْعِلْمِ نَحْنُ إِلَّا قَلِيلًا وَقَدْ أُوتينا التَّوْرَاةَ وَمَنْ يُؤْتَ التَّوْرَاةَ فَقَدْ أُوتي خَيْرًا كَثِيرًا؟ فَنَزَلَتْ {قُلْ لَوْ كَانَ البحر مداداً لكلمات ربي ... } الآية [الكهف: 109].
[illegible]

[تعليق الشيخ الألباني]
حسن صحيح ـ انظر التعليق.

(1) في ((مسنده)) (4/ 380 ـ 381)، وإسناده حسن، رجاله ثقات رجال مسلم، غير مسروق بن المرزُبان؛ وهو صدوق له أوهام؛ كما قال الحافظ.
وقد توبع من قتيبة بن سعيد: نا يحيى بن زكريا بن أبي زائدة:
أخرجه الترمذي (3139) ـ وصححه ـ، والنسائي في ((الكبرى)) (11314)، وأحمد (1/ 555)، قال ثلاثتهم أنا قتيبة بن سعيد؛ فصح السند والحمد لله.
الحديث: 99 ¦ الجزء: 1 ¦ الصفحة: 209

বাংলা

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

দ্বিতীয় হাদীস যা দ্বারা স্পষ্ট হয় যে, আমরা যা বর্ণনা করলাম, তা শুদ্ধ-সঠিকঃ

---

৯৯. ইবনু আব্বাস (রাযিঃ) হতে বর্ণিত, তিনি বলেন, কুরাইশরা ইয়াহুদীদের বলল, তোমরা আমাদেরকে এমন কিছু শিখিয়ে দাও যে প্রসঙ্গে আমরা এই ব্যক্তিকে (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে) প্রশ্ন করতে পারি। ইয়াহুদীরা বলল, তোমরা রূহ প্রসঙ্গে তাকে প্রশ্ন কর। বর্ণনাকারী বলেনঃ তারা রূহ বিষয়ে তাকে প্রশ্ন করল। তখন এ আয়াত অবতীর্ণ হয়ঃ “লোকেরা রূহ প্রসঙ্গে তোমার নিকট প্রশ্ন করে। বল, রূহ আমার প্রতিপালকের আদেশ ঘটিত। জ্ঞানের খুব সামান্যই তোমাদেরকে প্রদান করা হয়েছে"- (সূরা বনী ইসরাঈল ৮৫)।

ইয়াহুদীরা বলল, “আমাদেরকে ব্যতীত অন্যদেরকে খুব সামান্য জ্ঞান প্রদান করা হয়েছে (তথা আমাদেরকে প্রভুত জ্ঞান দান করা হয়েছে)। আমাদেরকে তাওরাত কিতাব প্রদান করা হয়েছে। আর যাদেরকে তাওরাত গ্রন্থ দেয়া হয়েছে, তাদেরকে প্রভূত কল্যাণ দেয়া হয়েছে। এ কথার পরিপ্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয় (অনুবাদ) “বল, আমার প্রতিপালকের কথাগুলো লেখার জন্য সমুদ্রের সমস্ত পানি যদি কালি হয়ে যায় তবুও তা আমার প্রভুর কথাগুলো লিখে শেষ করার পূর্বেই নিঃশেষ হয়ে যবে। আমরা যদি আবার একই রকম কালি নিয়ে আসি তুবও তা যথেষ্ট হবে না"- (সূরা কাহফ ১০৯)।[1]

## ফুটনোট

[1] আলবানী: হাসান সহীহ।
আরনাউত্ব: হাসান।
তাখরীজ: আহমাদ ১/২৫৫; তিরমিযী ৩১৪০।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87019

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন